

NYC

তে মহিলারা সম্মান নিরাপত্তা এবং মর্যাদার

সঙ্গে বসবাস ও কাজ করার যোগ্য

হয়রানি কখনই বরদাস্ত করা হবে না।

নিউইয়র্ক শহরের মানবাধিকার আইন হল দেশের সবচেয়ে শক্তিশালী ও স্পষ্ট বৈষম্যবিরোধী আইনগুলির মধ্যে একটি যা নিউইয়র্ক শহরে আসেন, কাজ করেন বা থাকেন এমন সমস্ত মহিলাকে তাদের প্রতিদিনের জীবনে বৈষম্যতা এবং হয়রানি মুক্ত হয়ে থাকার অধিকার প্রদান করে। NYC মানবাধিকার কমিশন (NYC Commission), সিটি এজেন্সি বৈষম্যমূলক আচরণ করার বিরুদ্ধে লড়াই করার জন্য এবং NYC মানবাধিকার আইন বলবত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং সমস্ত মহিলাদের প্রতি যেন মর্যাদা ও সম্মানের সঙ্গে আচরণ করা হয় তা নিশ্চিত করতে লড়াই করে।

আপনার সুরক্ষিত স্থিতি যেমন লিঙ্গ এবং লিঙ্গ পরিচয়, বর্ণ, ধর্ম/ধর্মীয় বিশ্বাস, জাতীয় উত্পত্তি, প্রতিবন্ধী, লিঙ্গ অভিমুখ, অভিবাসন স্থিতি বা অন্যান্য সুরক্ষিত স্থিতির ভিত্তিতে বৈষম্যমূলক আচরণ করা NYC-তে বেআইনি। যদি আপনি বৈষম্যের বা হয়রানির শিকার হন তাহলে 311 নম্বরে ফোন করে NYC মানবাধিকার কমিশনের সাথে যোগাযোগ করিয়ে দেওয়ার মাধ্যমে অথবা (212) 416-0197 নম্বরে ফোন করে সরাসরি কমিশনের কাছে অভিযোগ করুন।

NYC মানবাধিকার আইনের অধীনে মহিলা ও অন্যান্য বিভাগের জন্য সুরক্ষার ওপর আরো তথ্যের জন্য, NYC.gov/HumanRights দেখুন

কর্মক্ষেত্রে হয়রানি

এছাড়াও NYC মানবাধিকার আইন (NYC Human Rights Law) অনুসারে কর্মক্ষেত্রে নিয়োগকর্তা বা সহকর্মীরা মহিলাদের প্রতি হয়রানিমূলক আচরণ করতে পারবে না এবং তাদের লিঙ্গ, গর্ভাবস্থা বা পরিচর্যাকারীর স্থিতির জন্য ভিন্ন আচরণ করতে পারবে না। এছাড়াও কর্মক্ষেত্রে মহিলারা তাদের গর্ভাবস্থা, সন্তান প্রসব বা চিকিৎসা অবস্থার জন্য যুক্তিসঙ্গত সুযোগ পাবার অধিকারী কোনো মহিলাকে যেন তার চাকরি এবং সুস্থ গর্ভাবস্থার মধ্যে যেকোনো বেছে নিতে হবে এমন পরিস্থিতি

NYC মানবাধিকার আইন এইসব ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করে:

- নিয়োগ, বরখাস্ত এবং কাজের অ্যাসাইনমেন্ট
- বেতন, সুবিধা এবং অন্য ধরনের ক্ষতিপূরণ
- পদোন্নতি বা পদ-অবনতি
- কর্মদক্ষতার মূল্যায়ন
- কাজের নিয়ম ও শর্তাবলীর ওপর প্রভাব ফেলে এমন অন্যান্য সিদ্ধান্ত

হয়রানি শনাক্ত করতে সহায়তার জন্য পরিস্থিতি:

একজন মহিলা তার সুপারভাইজার অনেকবার বাইরে যাওয়ার জন্য আমন্ত্রণ করেছিলেন এবং বলেছেন যে "শালীনতায় পদোন্নতি নেই, প্রোগ্রাম মেনে চলায় তোমার ক্ষেত্রে ভালো।"

রেস্তোরাঁয় একজন পরিবেশনকারীকে একজন নিয়মিত গ্রাহক হয়রানিমূলক আচরণ করেন, গ্রাহক পরিবেশনকারী মহিলাদের উরুতে ও পাছায় ধরে ধরে চিমটি কাটেন এবং গ্রাহকের বাসায় যেতে আমন্ত্রণ করেন। পরিবেশনকারী মহিলা তার ম্যানেজারকে পুরো বিষয়টি জানান এবং অন্য টেবিলে তাকে পাঠানো হোক এমন আবেদন করেন কিন্তু ম্যানেজার তা প্রত্যাখ্যান করেন।

রাস্তায় ও অন্যান্য প্রকাশ্য স্থানে হয়রানি

NYC মানবাধিকার আইন রাস্তা, প্রকাশ্য স্থান ও সমস্ত ধরনের সার্বজনীন স্থান যেমন রেস্তোরাঁ ও জিমে লিঙ্গ ভিত্তিক হয়রানি নিষিদ্ধ করে। মহিলাদের নির্ভয়ে ডাক্তারের অ্যাপয়েন্টমেন্টে, রেস্তোরাঁয় খাওয়ার ও অন্যান্য সার্বজনীন স্থানে আনন্দ করার অধিকার আছে এবং কেবলমাত্র মহিলা অজুহাতে কোনো মহিলাদের সঙ্গে খারাপ আচরণ করা যাবে না।

সার্বজনীন স্থানগুলোতে লিঙ্গ নির্বিশেষে সমস্ত সামগ্রী ও পরিষেবাতে প্রবেশাধিকার প্রদান করা আবশ্যিক। যে সমস্ত কমন ব্যবসা এবং সার্বজনীন স্থানে মহিলারা সুরক্ষিত তার উদাহরণ:

- দোকান
- ব্যাঙ্ক
- মেডিক্যাল অথবা ডেন্টাল অফিস
- সরকারি এজেন্সি
- হোমসপাতাল
- হোটেল
- থিয়েটার
- রেস্তোরাঁ
- স্কুল

হয়রানি শনাক্ত করতে সহায়তার জন্য পরিস্থিতি:

একজন মহিলা তার পরিচিত ব্যক্তির সঙ্গে ক্যাম্পাসে এলে ওই ব্যক্তি তাকে, "এই যে সুন্দরী, (আক্রমণাত্মকভাবে মহিলার কব্জি ধরে টানতে টানতে), আমি তোমাকে আমার রুমে নিয়ে যাব যাতে তুমি আসল পুরুষ কেমন হয় বুঝতে পারো।"

কাজে যাওয়ার সময় একজন মহিলাদের সঙ্গে তার এক প্রতিবেশীর দেখা হলে। প্রতিবেশী তাকে ঠেলে দেওয়ালে লাগিয়ে বলেন যে "সুন্দরী, রাতে একা যেতে নেই, তুমি জানবে না কি হতে পারে।"

